

কুরআন বনাম ধর্মগ্রন্থ

পৃথিবীতে অনেক ধর্ম আছে। এবং প্রায় সবকটি ধর্মেরই ধর্মগ্রন্থ আছে। যেমন হিন্দুদের পুরান, গীতা ও মহা-ভারত। খৃষ্টানদের বাইবেল ইত্যাদি। তবে আল্লাহর বিধান বহির্ভূত সকল ধর্ম ও ধর্মগ্রন্থ মানব রচিত ও মনগড়া।

ইসলাম আল্লাহর মনোনীত একমাত্র দীন, একমাত্র জীবন ব্যবস্থা। ইসলাম সর্বকালীন, সার্বজনীন। আদম আঃ থেকে কিয়ামত পর্যন্ত আগত মানব জাতির একমাত্র জীবন পথ ইসলাম। ইসলাম বিশ্ব-মানবতার মুক্তির পথ।

ইসলামের মূল গ্রন্থ আল-কুরআন। আল-কুরআন আল্লাহর কালাম। আল্লাহর দেয়া জীবন বিধান। আল্লাহ যেমন লা-শারীক, অদ্বিতীয়। আল্লাহর সমান বা সমকক্ষ কেউ নেই। তেমনি আল্লাহর কালাম ও লা-শরীক, অদ্বিতীয়। আল-কুরআনের সমান বা সমকক্ষ কিছুই নেই। আল্লাহর কালাম হিসাবে আল-কুরআনের প্রতি গভীর শ্রদ্ধা ও ভালবাসা রয়েছে এদেশের মানুষের।

শয়তান ও তার দূসররা সর্বদাই ইসলাম বিরোধী, কুরআন বিরোধী। তারা কুরআনের প্রতি শ্রদ্ধাবোধ ও ভালবাসাকে মানুষের অন্তর থেকে মুছে দিতে চায়। কিন্তু প্রকাশ্যে কুরআনের বিরোধিতা করলে জনতা ধাওয়া করে তাড়িয়ে দিবে। তাই তারা প্রতারণা করে, কৌশলে কুরআনকে অবজ্ঞা ও অস্বিকার করে। কুরআনের মর্যাদা ও সম্মানকে ভুলুঠিত করে। তারা কুরআনকে কুরআন বলে না। বলে ধর্মীয় গ্রন্থ বা ধর্মগ্রন্থ।

ধর্মগ্রন্থ বলে তারা কুরআনকে মনগড়া ধর্মগ্রন্থ সমূহের কাতারে নামিয়ে দেয়। তারা কৌশলে আল্লাহর কালাম হিসাবে কুরআনের বিশেষত্ব ও মর্যাদাকে অস্বিকার করে।

তারা মনে করে: গীতা একটি ধর্মগ্রন্থ, পুরান একটি ধর্মগ্রন্থ, মহা-ভারত একটি ধর্মগ্রন্থ, বাইবেল একটি ধর্মগ্রন্থ। ঠিক তদূপ অন্যান্য ধর্মগ্রন্থের মত কুরআন ও একটি ধর্মগ্রন্থ।

ধর্মগ্রন্থ হিসাবে কুরআন আর গীতা তাদের কাছে সমান। কুরআনকে অন্যান্য ধর্মগ্রন্থের সমান করে কৌশলে তারা বলতে চায়: অন্যান্য ধর্মগ্রন্থের মত কুরআন ও মানব রচিত, মনগড়া একটি গ্রন্থ। তাই সভা সমাবেশে কুরআন, গীতা ও বাইবেলকে সমান গুরুত্ব দিয়ে পাঠ করা হয়।

শয়তানের দূসররা আল্লাহর কালামকে পুরান ও গীতার সমমানে নামিয়ে আনার মত মহা-পাপ করে। যে পাপ করতে শয়তান ও সাহস করেনি। আবার নানা ছল চাতুরী করে তারা পার পেয়ে যায়। সময় মত মসজিদে এসে ভান ধরে মানুষের আস্থা অর্জনেও সক্ষম হয়।

আল্লাহর কালামের সাথে চরম বেআদবী করে এরা আবার মুসলিম সাজে। ভাল মানুষের অভিনয় করে মানুষের আস্থা অর্জন করে। ছল চাতুরীর মাধ্যমে সমাজের শীর্ষে আসীন হয়ে দেশ ও জাতীর সর্বনাশ করে। সমাজকে পাপের সাগরে ডুবিয়ে দিয়ে আল্লাহর আযাবকে অবধারিত করে। মানুষকে জাহান্নামের দিকে ধাবিত করে শয়তানের এজেন্ডা বাস্তবায়ন করে।

তাই সাবধান ! বন্ধুগণ! সাবধান !! শয়তান ও তার দূসরদের প্রতারণা থেকে সাবধান !!!

www.muftisaeed.org.uk